

B.A. 3rd Semester (General) Examination, 2018 (CBCS)

Subject : Bengali

Paper : GE-3 + CC-IC

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- (ক) চ্যাগীতিকোষ পুথিখানি কে আবিষ্কার করেন? আবিষ্কারক পুথিটিকে কোন গ্রন্থে সংকলিত করেছিলেন? ১+১=২
- (খ) আদি-মধ্য বাংলা ভাষার প্রামাণ্য গ্রন্থ হিসাবে কোন পুথিটিকে মান্যতা দেওয়া হয়? পুথিটির লেখক কে? ১+১=২
- (গ) দু'জন চৈতন্যপূর্ববর্তী বৈষ্ণব কবির নাম লেখো। ১+১=২
- (ঘ) কালকেতু-ফুল্লরা চরিত্রদুটি কোন কাব্যের কোন খণ্ডে পাওয়া যায়? ১+১=২
- (ঙ) কাশীরাম দাস বাংলা মহাভারতের কতগুলি পর্ব রচনা করেছিলেন? পর্বগুলির নাম লেখো।
- (চ) 'দ্বিতীয় বিদ্যাপতি' অভিধায় কোন বৈষ্ণব পদকর্তা পরিচিত? তিনি কোন পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা হিসাবে গৃহীত হয়েছেন?
- (ছ) রামমোহন রায় রচিত বাংলা ব্যাকরণ গ্রন্থটির নাম কী? গ্রন্থটির প্রথম প্রকাশকাল লেখো।
- (জ) শেকস্পিয়রের একটি নাটক অবলম্বনে একটি গদ্য আখ্যান লিখেছিলেন বিদ্যাসাগর— শেকস্পিয়রের ওই নাটক ও বিদ্যাসাগরের গদ্য আখ্যানটির নাম লেখো।
- (ঝ) 'কপালকুণ্ডলা' উপন্যাসটি কবে প্রথম প্রকাশিত হয়? এই উপন্যাসের প্রধান পুরুষ চরিত্রটির নাম কী?
- (ঞ) 'বউ ঠাকুরাণীর হাট' উপন্যাসটির লেখক কে? এই উপন্যাসের নাট্যরূপের নাম কী?
- (ট) 'নবান্ন' নাটক কার লেখা? নাটকটি প্রথম কবে প্রকাশিত হয়?
- (ঠ) মধুসূদন দত্তের লেখা দুটি প্রহসনের নাম উল্লেখ করো।
- (ড) 'বঙ্গলক্ষ্মীর ব্রতকথা' গ্রন্থটির লেখক কে? কোন ঐতিহাসিক ঘটনা উপলক্ষ্যে গ্রন্থটি রচিত?
- (ঢ) জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? কাব্যটি প্রথম কবে প্রকাশিত হয়?
- (ণ) সুনীল গঙ্গোপাধ্যায়ের দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।
- ২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- (ক) কৃত্তিবাসের লেখা রামায়ণ গ্রন্থটির প্রকৃত নাম কী? অনুবাদ সাহিত্য হিসাবে গ্রন্থটির সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ১+৪=৫
- (খ) ভারতচন্দ্রকে কি যুগসন্ধিক্ষণের কবি বলা যায়?— সংক্ষেপে আলোচনা করো। ভারতচন্দ্রের মৃত্যুবর্ষ লেখো। ৪+১=৫

- (গ) অনুবাদ সাহিত্যের মধ্য দিয়ে বিদ্যাসাগর বাংলা গদ্যের বিকাশে যে অবদান রেখেছিলেন তা সংক্ষেপে আলোচনা করো। বিদ্যাসাগরের জন্মবর্ষ লেখো। ৪+১=৫
- (ঘ) গিরিশচন্দ্র ঘোষের যে কোনো একটি সামাজিক নাটকের নাম লেখো। উক্ত নাটকটি অবলম্বনে নাট্যকার হিসাবে গিরিশচন্দ্র ঘোষের নাট্যপ্রতিভার সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ১+৪=৫
- (ঙ) 'পথের দাবী' কার লেখা উপন্যাস? এই উপন্যাসিকের রচনা-বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। ১+৪=৫
- (চ) বাংলা প্রবন্ধসাহিত্যে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর অবদান সংক্ষেপে আলোচনা করো। ৫

- ৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০
- (ক) চর্যাগীতির পদে সমকালীন সমাজ জীবনের যে চিত্র ধরা পড়েছে তা দৃষ্টান্তসহ আলোচনা করো। চর্যাগীতির সময়সীমা উল্লেখ করো। ৮+২=১০
- (খ) 'এ যুগে জন্মগ্রহণ করিলে তিনি যে কবি না হইয়া একজন উপন্যাসিক হইতেন, তাহাতে সংশয় মাত্র নাই' — এই উক্তির আলোকে কবিকঙ্কণ-এর প্রতিভার মূল্যায়ন করো। চণ্ডীমঙ্গল কাব্যের আখ্যেটি খণ্ড ও বণিক খণ্ডের একটি করে নারী চরিত্রের নাম লেখো। ৮+১+১=১০
- (গ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো। কলেজটি কবে প্রতিষ্ঠিত হয় ও কতসালে তার অবসান ঘটে? ৮+২=১০
- (ঘ) রবীন্দ্রনাথের ছোটোগল্প বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো। ছোটোগল্পের নাম উল্লেখ করে রবীন্দ্রনাথ-সৃষ্ট দুটি কিশোরী চরিত্রের নাম লেখো। ৮+২=১০